গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
Website: dss.kawkhali.rangamati.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.৮৪২৫.০০০.১৮.২০৮.১৮ –৪৯ তারিখ: ২১ জুলাই ২০২৬ খ্রি.

**ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬**
**শুমারীকালীন স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি**

সমাজকল্যণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬'এর আলোকে দেশব্যাপী ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। রাঙ্গামাটি জেলাধীন কাউখালী উপজেলায় তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালনের নিমিত্ত স্বেচ্ছাসেবী নিয়োজিত করা হবে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা হচ্ছে।

| পদের নাম | যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|
| তথ্য সংগ্রহকারী | • ন্যুনতম এইচএসসি বা সমমান পাস;<br>• বয়স: ১৮-৪০ বছর (৩১ জুলাই ২০২৬ তারিখে);<br>• ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর;<br>• সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান থাকতে হবে;<br>• বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম;<br>• শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত; | • নারী প্রার্থী ৫০%;<br>• স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী;<br>• পূর্বে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র জরিপে কাজের অভিজ্ঞতা;<br>• পার্বত্য/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/বিশেষ স্থানীয় ভাষায় দক্ষ | • ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত;<br>• সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত;<br>• ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর;<br>• পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | • নির্ধারিত ফরমে আবেদনপত্র;<br>• শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;<br>• দক্ষতা-অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে);<br>• এক কপি ছবি;<br>• এনআইডির অনুলিপি;<br>• স্থায়ী বাসিন্দা/ ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান আছে মর্মে সনদপত্রের অনুলিপি |
| **পদের নাম** | **যোগ্যতা** | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব** | **অযোগ্যতা** | **প্রয়োজনীয় কাগজপত্র** |
| সুপার ভাইজার | • ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস;<br>• বয়স: ২৫-৪৫ বছর (৩১ জুলাই ২০২৬ তারিখে);<br>• ট্যাবলেট/স্মার্টফোন ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা-ব্যবহারিক পরীক্ষায় ৮০%+ নম্বর;<br>• তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান;<br>• দল-নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | • প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন;<br>• প্রতি গণনা এরিয়ার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Cheek);<br>• প্রতিদিন সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা;<br>• ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>• সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো | • ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত;<br>• সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত;<br>• ব্যবহারিক পরীক্ষায় ৮০%- এর নিচে নম্বর;<br>• পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | • নির্ধারিত ফরমে আবেদনপত্র;<br>• শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;<br>• দক্ষতা-অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে);<br>• এক কপি ছবি;<br>• এনআইডির অনুলিপি;<br>• স্থায়ী বাসিন্দা মর্মে সনদপত্রের অনুলিপি |

| | | |
|---|---|---|
| **আবেদন ফরম প্রাপ্তির স্থান** | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি এবং উপজেলা সমাজসেবা কার্যালয়,কাউখালী, রাঙ্গামাটি এর ওয়েব সাইট: লিংকঃ https://dss.kawkhali.rangamati.gov.bd |
| **আবেদন ফরম বিতরণের তারিখ** | : | ২১ জুলাই ২০২৬ থেকে ২৩ জুলাই ২০২৬ খ্রি. পর্যন্ত |
| **আবেদন ফরম দাখিলের স্থান ও তারিখ** | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি; ২১ জুলাই ২০২৬ থেকে ২৩ জুলাই ২০২৬ খ্রি. পর্যন্ত |
| **পরীক্ষা গ্রহণের তারিখ ও সময়** | : | (সম্ভাব্য তারিখ ২৫/০৭/২০২৬ খ্রি. সকালঃ ১১:০০ টা) উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি এর নোটিশ বোর্ড ও উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি এর ওয়েব সাইট: লিংক https://dss.kawkhali.rangamati.gov.bd এ নিশ্চিত করা হবে। |

**শর্তাবলী:**

(১) তথ্য সংগ্রহকারী কর্তৃক শুমারী চলাকালীন নির্দেশনা মোতাবেক বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে;

(২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে;

(৩) তথ্য-প্রযুক্তি (ট্যাবলেট/স্মার্টফোন-ওয়েব অ্যাপ্লিকেশন) ব্যবহারে দক্ষ হতে হবে;

(৪) তথ্য সংগ্রহের কাজে কোনো গাফিলতি করা যাবে না;

(৫) কোনোক্রমেই ভুল তথ্য বা পক্ষপাতমূলক তথ্য এন্ট্রি দেয়া যাবে না;

(৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক;

(৭) ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে, অবহেলাজনিত কারণে ক্ষতি হয়েছে মর্মে প্রমাণিত হলে ক্ষতিপূরণ প্রযোজ্য;

(৮) কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেয়া বা ভয় দেখানো বা কোনো ধরনের বিনিময় (অর্থ, খাদ্য, উপহার গ্রহণ) সম্পূর্ণ নিষিদ্ধ;

(৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেয়া হবে;

(১০) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণকে সরকার নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা ও সম্মানী প্রদান করা হবে;

(১১) রিজার্ভ তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহকারী হিসেবে মোতায়েন না হলে শুধু প্রশিক্ষণ ভাতা প্রযোজ্য;

(১২) রিজার্ভারদের নিজস্ব ট্যাবলেট প্রস্তুত থাকবে এবং প্রতি তিনদিন অন্তর উপজেলা/পৌরসভা কমিটিকে রিপোর্ট করতে হবে; এবং

(১৩) সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা, ২০২৬, ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ ও সময় সময় জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

(মোঃ রাজিব হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬: স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং- ৪১.০১.৮৪২৫.০০০.১৮.২২৮.২৬. – ৪৯ তারিখ: ২১ জুলাই ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৯, রাঙ্গামাটি পার্বত্য জেলা
২। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৬। সহকারী কমিশনার (ভূমি), কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৭। অফিসার ইনচার্জ, কাউখালী থানা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৮। সদস্য........................................., ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৯। সদস্য........................................., ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১০। উপজেলা...........................................কর্মকর্তা, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১১। চেয়ারম্যান.....................................................ইউপি (সকল), কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১২। জনাব.....................................................
১৩। অফিস নথি।

21.07.2026
(শাহাবুদ্দিন হোসাইন)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬: স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
উপজেলা সমাজসেবা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা